

চট্টগ্রাম বিভাগীয় শিক্ষক সমাবেশ
দলীয়করণ প্রতিরোধের অঙ্গীকার
নতুন পে-স্কেল দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেছেন, জাতপ্রতিম শিক্ষক সংগঠনগুলোর সমন্বয়ে ঐক্যবদ্ধ কর্মসূচি দিতে দেশব্যাপী চলমান শিক্ষক-কর্মচারী দীর্ঘাতন ও শিক্ষা প্রতিষ্ঠান দলীয়করণ প্রতিরোধ করা হবে। প্রতিটি নিত্যপ্রয়োজনীয় প্রবাসস্থান বাসন ও বাড়ি জাড়া বৃদ্ধির পরিপ্রেক্ষিতে নতুন পে-স্কেল ও ৩০% মহাঘর্ষভাতা আদায়ের লক্ষ্যে সরকারি-বেসরকারি পর্বতরের পেশাজীবীসহ শিক্ষক সমিতি ফেডারেশন অভিন্ন অবস্থান নেবে। ২১ দফা আন্দায়ের উদ্দেশ্যে ফেডারেশনের উদ্যোগে মঙ্গলবার চট্টগ্রামে জে. এম সেন হলে আয়োজিত বিভাগীয় শিক্ষক সমাবেশে প্রধান অতিথি হিসেবে তিনি, বক্তব্য রাখছিলেন। বিকেল ৪টায় শুরু হয়ে রাত সাড়ে ৮টায় সমাপ্ত এ সমাবেশে কাজী ফারুক

বলেন, নির্বাচনী প্রতিদ্বন্দ্বি সত্ত্বেও সরকার শিক্ষকদের প্রারম্ভিক বেতনের ১০ ভাগ বৃদ্ধি আদায়ের কার্যকর করেননি। আসন্ন জাতীয় বাজেটে সেজন্য অর্থ সংস্থান রাখা না হলে জাতীয়ভাবে কর্মসূচি ঘোষণা করা হবে। সমাবেশে বক্তব্য রাখেন, শিক্ষকদের টাকায় গড় কল্যাণ ট্রাস্ট ব্যঙ্কের চক্রান্ত রয়েছে। কল্যাণ ট্রাস্টের টাকা অন্য ব্যাংকে নেয়ার ষড়যন্ত্র শিক্ষক-কর্মচারী প্রতিরোধ করবেন। পার্শ্ববর্তী বিভিন্ন দেশে চালু হয়েছে শাধীনতার শিক্ষক : পৃঃ ২ কঃ ৬

শিক্ষক ৪ সমাবেশ

(১২ পৃষ্ঠার পর)

এত বছর পরও বাংলাদেশের বেসরকারি শিক্ষক কর্মচারীরা পেনশন থেকে বঞ্চিত রয়েছেন উল্লেখ করে তারা বলেন, শিক্ষকদের অর্থে নয়, সরকারি তহবিল থেকে পেনশন দিতে হবে। থানা পর্যায়ে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে সাম্প্রতিক এক সার্কুলারের উল্লেখ করে শিক্ষক নেতৃত্ব বলেন, দলীয়করণ ও দলীয়করণের অতন্ত উদ্দেশ্যে এটি করা হয়েছে। এ সার্কুলার প্রত্যাহার করে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে বেসরকারি শিক্ষক নিয়োগ করতে হবে।

সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির চট্টগ্রাম জেলা সভাপতি অধ্যক্ষ মেসবাহ-উল আলম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, মুগু-সাধারণ সম্পাদক প্রদীপ নারায়ণ সাহা, কেন্দ্রীয় শিক্ষক নেতৃত্ব অধ্যাপক মিনারুল ইসলাম, অধ্যাপক আবু তাহের চৌধুরী, অধ্যক্ষ মো. ইসমাইল, অধ্যাপক হরিদ আহমেদ, চট্টগ্রাম জেলা কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ফজিউল কবির, মুগু-সাধারণ সম্পাদক অধ্যাপক কাজী শামসুর রহমান, বাংলাদেশ শিক্ষক সমিতির চট্টগ্রাম জেলা সভাপতি আবুল বাসার চৌধুরী, সাধারণ সম্পাদক আবদুল মান্নান প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।